

<p>সিনিয়র সিস্টেম এনালিস্ট</p> <p>সিস্টেম এনালিস্ট/সিনিয়র প্রোগ্রামার</p> <p>প্রোগ্রামার</p> <p>সহকারী প্রোগ্রামার</p> <p>স:মে:ই-১/স:মে:ই-২</p> <p>নথি</p> <p>ডায়েরি নং: 161/10/19</p> <p>তারিখ:</p>

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
রক্ষণাবেক্ষণ অধিশাখা
www.rthd.gov.bd

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অধীনস্থ দপ্তর/সংস্থার ২০১৯-২০২০ অর্থ বছরের NIS কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদন (জুলাই-সেপ্টেম্বর, ২০১৯) পর্যালোচনাপূর্বক ফিডব্যাক প্রদান বিষয়ে সভার কার্যবিবরণী:

সভাপতি : মোঃ আব্দুল মালেক
অতিরিক্ত সচিব (প্রশাসন) ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

তারিখ : ১৩ অক্টোবর, ২০১৯

সময় : দুপুর ২.০০ ঘটিকা

স্থান : সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মেলন কক্ষ

উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে এ বিভাগের NIS বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব দীপঙ্কর মন্ডল, উপসচিব বলেন যে, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অধীনস্থ দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ প্রথম প্রান্তিক (জুলাই-সেপ্টেম্বর, ২০১৯) এর অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনাপূর্বক ফিডব্যাক প্রদান বিষয়ে এ সভার আয়োজন করা হয়েছে। অতঃপর তিনি ২০১৯-২০২০ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির প্রথম ত্রৈমাসিক প্রতিবেদনসমূহের সংস্হাভিত্তিক সার-সংক্ষেপ সভায় পর্যায়ক্রমে Power Point এর মাধ্যমে উপস্থাপন করেন।

২.০ সভায় সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অধীনস্থ দপ্তর/সংস্থার NIS কর্ম-পরিকল্পনাভূক্ত প্রথম প্রান্তিকের উল্লেখযোগ্য কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। অগ্রগতি প্রতিবেদনের সাথে কার্যক্রমসমূহ প্রান্তিকভিত্তিক লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জনের স্বপক্ষে কতিপয় ক্ষেত্রে প্রমাণক প্রেরণ করা হয়নি। যা প্রেরণ করা আবশ্যিক মর্মে আলোচিত হয়। কার্যক্রমসমূহ বাস্তবায়নে সংস্থার সংশ্লিষ্ট সকলের কার্যকর অংশগ্রহণে সভা গুরুত্ব আরোপ করে। বিশেষত বিষয়ভিত্তিক ওয়েবসাইট হালনাগাদকরণ কার্যক্রমসমূহের ক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট হতে হালনাগাদের বিষয়ে প্রত্যয়ন প্রদানের বিষয়ে আলোচনা হয়।

৩.০ সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয় :

সিদ্ধান্ত :

- (১) ওয়েবসাইট হালনাগাদ কার্যক্রমসমূহের ক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নির্ধারণপূর্বক প্রতি প্রান্তিকে প্রতিবেদনের সাথে হালনাগাদকরণের প্রত্যয়ন প্রেরণ করতে হবে।
- (২) NIS কর্ম-পরিকল্পনার ৮.৪ ক্রমিকের “সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নথির শ্রেণি বিন্যাসকরণ” এর লক্ষ্যমাত্রাসমূহ সংশ্লিষ্ট নৈতিকতা কমিটির অনুমোদনক্রমে ক্রমপূঞ্জিভূত আকারে নির্ধারণ করা যেতে পারে।
- (৩) NIS কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রান্তিকভিত্তিক প্রতিবেদনের সাথে কার্যক্রমসমূহ লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জনের স্বপক্ষে প্রমাণকসহ নির্ধারিত সময়ে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করতে হবে।

৪.০ আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

১৫/১০/১৯

মোঃ আব্দুল মালেক
অতিরিক্ত সচিব (প্রশাসন)

ও

শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ



স্মারক নং-৩৫.০০.০০০০.০১৫.০৬.০১২.১৯-৫৫০


তারিখ: ৩০ আশ্বিন, ১৪২৬
১৫ অক্টোবর, ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা
- ০৩। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
- ০৪। নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ, নগর ভবন, ঢাকা
- ০৫। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), এলেনবাড়ি, তেজগাঁও, ঢাকা
- ০৬। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি), পরিবহন ভবন, মতিঝিল, ঢাকা
- ০৭। যুগ্মসচিব (প্রশাসন/বিআরটিএ/বিআরটিসি/সমন্বয় ও প্রশিক্ষণ), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ০৮। উপসচিব (বাজেট/অডিট/সওজ গেজেটেড সংস্থাপন/ডিটিসিএ), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে) :

- ০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ওয়েব সাইটের শুদ্ধাচার সেবাবক্সে প্রকাশের অনুরোধসহ)
- ০৩। অতিরিক্ত সচিব (প্রশাসন) ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ০৪। অফিস কপি/মাস্টার কপি।



দীপঙ্কর মন্ডল
উপসচিব

ফোন : ৯৫১৪০৭৫

E-mail: dsmaintenance@rthd.gov.bd